

Total number of printed pages-7

1 (Sem-1) BEN

2023

**BENGALI**

Paper : BEN0100104

(শিশু ও কিশোর সাহিত্য)

Full Marks : 60

Time : 2½ hours

**The figures in the margin indicate  
full marks for the questions.**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৮=৮

- (ক) 'বুড়ো আংলা' গ্রন্থের 'আমতলি' অংশে বর্ণিত হৃদয়ের কুলুপ-দেওয়া ঘরের ঘুলঘুলির বাইরে কী গাছ ছিল?
- (খ) "আমি গঙ্গাসাগরে ছান কত্তি যেতেছি।"  
এখানে কে গঙ্গাসাগরে স্নান করতে যাচ্ছিল?

Contd.

- (গ) 'খিচুড়ি' কবিতায় জিরাফ কার ঢং ধরে উড়তে চেয়েছিল ?
- (ঘ) 'গোঁফচুরি' কবিতায় কার 'গোঁফ চুরি' গিয়েছিল ?
- (ঙ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে পদিপিসি কী গাড়ি চড়ে নিমাই খুড়োর বাড়ি যাত্রা করেছিলেন ?
- (চ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে গল্পকথক ও পাঁচুমামাকে স্টেশন থেকে কে নিতে এসেছিল ?
- (ছ) 'ব্যোমযাত্রীর ডায়েরি' কাহিনীতে গল্পকথক প্রোফেসর শঙ্কুর ডায়েরিটা কার কাছ থেকে পেয়েছিলেন ?
- (জ) 'প্রোফেসর শঙ্কু ও গোলক-রহস্য' কাহিনীতে প্রোফেসর শঙ্কু প্রকৃতির সব সূক্ষ্মাতিসূক্ষ্ম শব্দ শোনার জন্যে যে যন্ত্র তৈরি করেছিলেন সেটির নাম কী ছিল ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো :

(যে-কোনো ছয়টি)

২×৬=১২

- (ক) 'বুড়ো আংলা' গ্রন্থের 'চলন বিল' অংশে হৃদয় কার সঙ্গে কোথায় যাওয়ার জন্যে ঘর থেকে বেরিয়েছিল ?

- (খ) হৃদয়ের বাবা-মা কোন্ গাঁয়ের প্রজা ছিল ? হাটে-মাঠে যাওয়ার সময় তারা হৃদয়কে কোথায় রেখে যেত ?

- (গ) 'বুড়ো আংলা' গ্রন্থের 'চলন বিল' অংশে হাঁসেরা যাত্রাপথে বাংলাদেশের কোন্ দুটি নদীর মাঝখানের সবকিছু দেখতে দেখতে যাচ্ছিল ?

- (ঘ) 'সৎপাত্র' কবিতার সৎপাত্র কে ? তার গায়ের রঙ কী রকমের ছিল ?

- (ঙ) 'খুড়োর কল' কবিতায় খুড়ো কার খুড়ো ছিলেন ? বছরখানেক বয়সে তিনি কী বলে কেঁদে উঠেছিলেন ?

- (চ) পদিপিসি নিমাইখুড়োর বাড়ি থেকে বাড়ি ফেরার সময় রাস্তায় কী খেয়েছিলেন ? তিনি কটা নাগাদ বাড়ি এসে পৌঁছেছিলেন ?

- (ছ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে গল্পকথকের সেজো দাদামশাই-এর ছোটকাবার বিয়ে কার সঙ্গে ঠিক হয়েছিল ? তখন সেই বিয়ের পাত্রীর বয়স কত ছিল ?

(জ) “মনে থাকে যেন তিন ভাগের এক ভাগ আমার! যদি  
বাল্ল পান আমার অদ্ভুত বুদ্ধির সাহায্যেই পাবেন।”  
‘পদিপিসির বর্মিবাল্ল’ গ্রন্থ থেকে নেওয়া এই উদ্ধৃতিটির  
বক্তা কে? কার উদ্দেশ্যে সে উক্তিটি করেছে?

(ঝ) ‘ব্যোমযাত্রীর ডায়রি’ কাহিনিতে উল্লেখিত প্রোফেসর শঙ্কর  
ডায়রির প্রথম চারটি তারিখ লেখো।

(ঞ) ‘প্রোফেসর শঙ্কু ও গোলক-রহস্য’ কাহিনিতে অবিনাশবাবু  
আনন্দবাজারকে তাঁর সংগৃহীত গোলকের প্রথম ও দ্বিতীয়  
গুণ সম্পর্কে কী লিখেছিলেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো চারটি)

৫×৪=২০

(ক) “সেকালে লোক ছেলে-পিলে না হলে বুড়ো হয়ে মরবার  
সময় যক্ বসাত।”  
উদ্ধৃতাংশে যক্ বলতে কী বোঝানো হয়েছে সংক্ষেপে  
লেখো।

(খ) ‘বুড়ো আংলা’ গ্রন্থের ‘শৃগাল’ অংশে হৃদয় কীভাবে  
খেকশিয়ালের হাত থেকে লুসাই-হাঁসকে বাঁচিয়েছিল  
সংক্ষেপে তার বর্ণনা দাও।

(গ) ‘সং পাত্র’ কবিতায় সং পাত্র কোন্ বংশের ছিল? সে  
ক’বার ম্যট্রিকে ফেল করেছিল? কবিতায় বর্ণিত সং পাত্রের  
ভাইদের বিবরণ দাও। ১+১+৩=৫

(ঘ) ‘বাবুরাম সাপুড়ে’ কবিতার মূল বক্তব্য সংক্ষেপে লেখো।

(ঙ) ‘পদিপিসির বর্মিবাল্ল’ গল্পের খেতিপিসি চরিত্র সম্পর্কে  
সংক্ষেপে আলোচনা করো।

(চ) পদিপিসির বর্মিবাল্ল হারিয়ে গেলে সেই রাতে পদিপিসির  
বর্মিবাল্ল খোঁজার বিবরণ দাও।

(ছ) ‘ব্যোমযাত্রীর ডায়রি’র কাহিনিতে প্রোফেসর শঙ্কর ডায়রির  
প্রথম তারিখে কী লেখা ছিল, নিজের ভাষায় বুঝিয়ে  
লেখো।

(জ) প্রোফেসর শঙ্কুরা কতজন মঙ্গলগ্রহে পদার্পণ করেছিলেন?  
প্রোফেসর শঙ্কুর ডায়েরি অনুসরণে মঙ্গলগ্রহের যথাযথ  
বিবরণ দাও।  $১+৪=৫$

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো দুইটি)

$১০ \times ২ = ২০$

(ক) 'বুড়ো আংলা' গ্রন্থের 'চকা-নিকোবর' অংশের বিষয়বস্তু  
সংক্ষেপে লেখো।

(খ) সুকুমার রায়ের 'খিচুড়ি' কবিতাটির নামকরণের সার্থকতা  
বিচার করো।

(গ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পের গল্পকথকের রেলগাড়ি চড়ে  
মামারবাড়িতে যাওয়ার যাত্রাপথের বিবরণ দাও।

(ঘ) 'প্রোফেসর শঙ্কু ও আশ্চর্য পুতুল' কাহিনিতে অঙ্কিত  
লিঙ্কুইস্ট চরিত্রের পরিচয় দাও।

(ঙ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পের পাঁচুমামার চরিত্র-বৈশিষ্ট্য  
আলোচনা করো।